গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.probashi.gov.bd

বায়রা সচিবালয়, ঢাকা	
সম্মানিত সভাপতি/মহাসচিব/ সচিব/............	সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/............	
রিসেপশনিষ্ট	
ডকেট/ডায়েরী নং	২৫/৩
তারিখ ও সময়	১০/১১/২৪

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৪৭.১১.০৩০.২১. ৮৩২

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মালয়েশিয়াগামী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নকরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, সম্প্রতি মালয়েশিয়ায় প্লান্টেশন সেক্টরে বাংলাদেশী কর্মী নিয়োগ শুরু হয়েছে। মালয়েশিয়া সরকার প্লান্টেশন সেক্টরের জন্য নির্বাচিত বাংলাদেশী কর্মিগণের মালয়েশিয়া প্রবেশের সর্বশেষ সময়সীমা ৩১ জানুয়ারি ২০২৫ নির্ধারণ করেছে। এ পরিপ্রেক্ষিতে গমনেচ্ছু কর্মীগণের প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা এ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারসমূহের পাশাপাশি দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল হতে সম্পন্ন করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা করা গেলে তা কর্মীদের জন্য সহজ ও সাশ্রয়ী হবে। মালয়েশিয়া গমন সহজতর করার লক্ষ্যে গমনেচ্ছু কর্মীদের যারা সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষায় আগ্রহী তাদের অগ্রাধিকার ভিত্তিতে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতালসমূহকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(গাজী মোঃ শাহেদ আনোয়ার)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪৫
dsemployment3@probashi.gov.bd

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৪৭.১১.০৩০.২১.

অনুলিপি: সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
০২। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। যুগ্মসচিব (কর্মসংস্থান অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৪। উপসচিব (কর্মসংস্থান ১, ২ ও ৪), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৭। যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৮। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ঢাকা।
০৯। অফিস কপি।

(গাজী মোঃ শাহেদ আনোয়ার)
উপসচিব

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

স্মারক নং- বায়রা/৩(৯)/২০২৪/৬২৯

তারিখ: ১০/১১/২০২৪

মালয়েশিয়াগামী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগে পাঠানো প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপরেল্লিখিত পত্র বায়রা'র সম্মানিত সদস্যদের নির্দেশক্রমে অবহিত করা হলো।

(কে,এম, রুহুল আমীন)
সচিব, বায়রা।

বিতরণ: সদয় কার্যার্থে: সম্মানিত সদস্য (সকল), বায়রা (নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ই-মেইল ও হোয়াটসঅ্যাপযোগে প্রেরিত)

সদয় জ্ঞাতার্থে: ১) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: জনাব গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব)।
২) সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.probashi.gov.bd

নম্বর: ৪৯.০০.০০০০.০৪৭.১১.০৪৬.২২.628

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

মালয়েশিয়ায় প্লান্টেশন সেক্টরে অভিবাসন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সম্প্রতি মালয়েশিয়ায় প্লান্টেশন সেক্টরে বাংলাদেশী কর্মী নিয়োগ শুরু হয়েছে। এই সেক্টরের জন্য নির্বাচিত বাংলাদেশী কর্মিগণের মালয়েশিয়া প্রবেশের সর্বশেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২৫। যথাসময়ে সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করে নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মিগণের মালয়েশিয়া গমন নিশ্চিত করার জন্য এ মন্ত্রণালয় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন হতে চাহিদাপত্র সত্যায়নের শেষ তারিখ ৩১ ডিসেম্বর ২০২৪;
- জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) হতে বহির্গমন ছাড়পত্র গ্রহণের শেষ তারিখ ১৫ জানুয়ারি ২০২৫;
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারসহ যে কোনো সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল হতে কর্মিগণের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা যাবে;
- সরকার নির্ধারিত সর্বোচ্চ অভিবাসন ব্যয় আটাত্তর হাজার নয়শত নব্বই টাকার অতিরিক্ত অর্থ কোনো রিক্রুটিং এজেন্ট বা তার পক্ষে অন্য কেউ গ্রহণ করবে না;
- যথাসময়ে চাহিদাপত্র সত্যায়ন, ভিসাপ্রাপ্তি, স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নকরণ, বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র গ্রহণ, প্রাক বহির্গমন ওরিয়েন্টেশন এবং বিমান টিকেট সংগ্রহসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে কর্মিগণের মালয়েশিয়া প্রবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- কর্মানুমতিপ্রাপ্ত রিক্রুটিং এজেন্ট ও নিয়োগকারী কোম্পানি সংক্রান্ত তথ্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.probashi.gov.bd বা প্রবাসবন্ধু কল সেন্টার নম্বর ১৬১৩৫ হতে যাচাই করা যাবে।

মালয়েশিয়া সরকার কর্তৃক এ বিষয়ে নতুন কোনো নির্দেশনা জারি করা হলে তা যথাযথভাবে অবহিত করা হবে।

০৩.১১.২০২৪
(গাজী মোঃ শাহেদ আনোয়ার)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪৫
dsemployment3@probashi.gov.bd